

বিধি-১ শাখা

১। ক্যাডার সার্ভিস ব্যতীত নিম্নবর্ণিত মন্ত্রণালয়/বিভাগ ও এর আওতাধীন সরকারি প্রতিষ্ঠানসমূহের সকল প্রকার গেজেটেড ও নন-গেজেটেড পদের নিয়োগবিধি/প্রবিধানমালা, বিভিন্ন আইন, নীতি, সনদ ইত্যাদি নিরীক্ষা, পরামর্শ প্রদান এবং এগুলো প্রণয়নে প্রশাসনিক মন্ত্রণালয়কে প্রয়োজনীয় পরামর্শ/সুপারিশ প্রদান:

| ক্রঃ নং | মন্ত্রণালয়/বিভাগ |
|---------|---|
| ০১ | রাষ্ট্রপতির কার্যালয় (ক) জন বিভাগ (খ) আপন বিভাগ |
| ০২ | প্রধানমন্ত্রীর কার্যালয় |
| ০৩ | মন্ত্রিপরিষদ বিভাগ |
| ০৪ | জনপ্রশাসন মন্ত্রণালয় |
| ০৫ | অর্থ মন্ত্রণালয় (ক) অর্থ বিভাগ (খ) অভ্যন্তরীণ সম্পদ বিভাগ (গ) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (ঘ) অর্থনৈতিক সম্পর্ক বিভাগ |
| ০৬ | আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (ক) আইন ও বিচার বিভাগ (খ) লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ (গ) জাতীয় সংসদ সচিবালয় |
| ০৭ | নির্বাচন কমিশন সচিবালয় |
| ০৮ | প্রতিরক্ষা মন্ত্রণালয় |
| ০৯ | সশস্ত্র বাহিনী বিভাগ |
| ১০ | তথ্য মন্ত্রণালয় |

এছাড়াও নিম্নে বর্ণিত বিষয়ে মতামত/পরামর্শ প্রদান:

- ২। সরকারি চাকরিতে নিয়োগ নীতি এবং পদ্ধতি নির্ধারণ।
- ৩। বিশেষ ব্যক্তি/এলাকার জন্য সরকারি চাকরিতে আসন(কোটা) নির্ধারণ ও সংরক্ষণ সংক্রান্ত বিষয়।
- ৪। প্রকৃত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যাদের সনাত্তকরণ পদ্ধতি নির্ধারণ।
- ৫। বিভিন্ন পদে নিয়োগের বয়সসীমা নির্ধারণ ও এতদসংক্রান্ত বিষয়ে মতামত প্রদান।
- ৬। নিয়োগ/পদোন্নতি সংক্রান্ত বিষয়ে বিভাগীয় নির্বাচন কমিটি গঠন ও এতদসংক্রান্ত বিষয়ে মতামত প্রদান।
- ৭। এডহক নিয়োগ নিয়মিতকরণ সংক্রান্ত বিধিমালা প্রণয়ন, সংশোধন ও এতদসংক্রান্ত বিষয়ে মতামত প্রদান।
- ৮। সরাসরি নিয়োগে জেলার সর্বশেষ জনসংখ্যার ভিত্তিতে জেলাওয়ারী স্থায়ী পদ বিতরণের শতকরা হার সংশোধন।
- ৯। উন্নয়ন প্রকল্পের জনবল রাজস্ব বাজেটের পদে স্থানান্তর, নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ সংক্রান্ত বিধিমালা (বিশেষ বিধান) প্রণয়ন।
- ১০। উন্নয়ন প্রকল্পের জনবল রাজস্ব বাজেটের পদে স্থায়ীকরণ, নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ সংক্রান্ত বিষয়ে মতামত।
- ১১। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য কার্যাবলি।


 (ড. মোঃ ফরিদুর রহমান)
 উপসচিব (বিধি-১)
 জনপ্রশাসন মন্ত্রণালয়
 গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার